“আল্লাহ তা’আলা শেষ রাতে তার বান্দার সবচেয়ে নিকটবর্তী হন।

আবূ উমামাহ্ বলেন, আমর ইবনু আবাসাহ রাদিয়াল্লাহু আনহু আমার কাছে বর্ণনা করেছেন যে,
নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তিনি বলতে শুনেছেন: “আল্লাহ তা’আলা শেষ রাতে তার বান্দার সবচেয়ে নিকটবর্তী হন। অতএব যারা এ সময় আল্লাহর যিকর করে (নামায পড়ে ও
দু’আ করে), তুমি পারলে তাদের অন্তর্ভুক্ত হয়ে যাও”।
[সহীহ] [এটি আবূ দাউদ, তিরমিযী ও নাসায়ী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে বলেন: মহাপবিত্র রব রাতের শেষ তৃতীয়াংশে বান্দার সবচেয়ে নিকটবর্তী হন। হে মুমিন, এই সময়ে যারা সালাত আদায় করেন, ইবাদত আঞ্জাম দেন, তাওবা করেন এবং জিকির করেন, যদি আপনি তাদের দলে অন্তর্ভুক্ত হতে তাওফিকপ্রাপ্ত এবং সক্ষম হন, তাহলে এটি এমন একটি বিষয় যা আপনার অর্জন করা এবং তাতে চেষ্টা করা জরুরি।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3236